JAN. 0 4 2001

তারিখ ........

পৃষ্ঠা ........ কলাম ........

# ছাত্রছাত্রীদের মাঝে বায়রার বৃত্তি প্রদান

ঢাকা শেরাটন হোটেল উইন্টার গার্ডেনে সম্প্রতি বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা) আয়োজিত বায়রা মেধা পুরস্কার ২০০০ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী এমএ মান্নান প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বায়রা সদস্যবৃন্দের সন্তানদের মধ্যে থেকে ২৬৭ জন মেধাবী শিক্ষার্থীকে বায়রা মেধা পুরস্কার ও বৃত্তি প্রদান করা হয়। পুরস্কারের মধ্যে ছিল ১ হাজার টাকা মূল্যমানের প্রাইজবন্ড, একটি ক্রেস্ট ও সনদপত্র। এবারে দ্বিতীয়-তৃতীয় শ্রেণীর ৩৮ জন, ৪র্থ-৮ম শ্রেণীর ৯১ জন, ৯ম-দ্বাদশ শ্রেণীর ৮৩ জন এবং স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর ৫৫সহ মোট ২৬৭ জন এ বৃত্তি পেল। ১৯৯৯ বছরে সর্বপ্রথম বায়রা বৃত্তি প্রবর্তন হয়। সে সময় মোট ৯৩ জন শিক্ষার্থী এই বৃত্তি পেয়েছিল। বায়রা সাংস্কৃতিক ও জনসংযোগ সম্পাদক লায়ন মোঃ নজরুল ইসলাম অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন। বায়রা সভাপতি মোহাম্মদ নূর আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. আমিনুল ইসলাম, পাবলিক সার্ভিস কমিশন সদস্য ড. খন্দকার বজলুল হক, ঢাকা সিটি কলেজ অধ্যক্ষ মোঃ হাফিজ উদ্দিন, ভিকারুন্নিসা নূন স্কুল ও কলেজের অধ্যক্ষ হামিদা আলী, বায়রা মহাসচিব গোলাম মুস্তফা বক্তব্য রাখেন। বক্তারা এ উদ্যোগের প্রশংসা করেন। এত বিপুল সংখ্যক শিক্ষার্থীকে একত্রে বৃত্তি প্রদানের ঘটনা এটাই প্রথম। সংবাদ বিজ্ঞপ্তি।